সাড়ে ৪ বছর কারাভোগ শেষে আপন ঠিকানায় ভারতীয় নাগরিক

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনা ইমিগ্রেশন চেকপোস্ট হতে অবৈধ অনুপ্রবেশকারী ভারতীয় নাগরিক দীপক কুমার ঠাকুরকে (৩৫) হস্তান্তর করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বেলা সোয়া ১২টায় দর্শনা সীমান্তের ৭৬ নম্বর খুঁটি সংলগ্ন এলাকায় দু’দেশের পতাকা বৈঠকের মাধ্যমে ওই নাগরিককে হস্তান্তর করা হয়।

দর্শনা ইমিগ্রেশন চেকপোস্টের ইনচার্জ এসআই আতিকুর রহমান জানান, ভারতের বিহার রাজ্যের সমস্তিপুর জেলার ওয়ারিশনগর থানার মনিহারপুর গ্রামের শ্রীরাম নরেশ ঠাকুরের ছেলে দীপক কুমার ঠাকুর অবৈধভাবে সীমান্ত গলিয়ে এদেশে প্রবেশ করে। অবৈধ অনুপ্রবেশের দায়ে তার বিরুদ্ধে ২০১৯ সালের ৯ সেপ্টেম্বর পিরোজপুর থানায় একটি মামলা হওয়ায় পর তাকে আদালতে সোর্পদ করা হয়। সে সময় পিরোজপুর আদালতের বিজ্ঞ বিচারক তাকে কারাগারে পাঠানোর আদেশে দেন। ২০২৩ সালের ১৮ অক্টোবর পিরোজপুর জেলা কারাগার হতে তাকে চুয়াডাঙ্গা জেলা কারাগারে নেয়া হয়। এরপর ৪ বছর ৬ মাস ১৯ দিন পর সীমান্তে পতাকা বৈঠকের মাধ্যমে তাকে তার বাবা শ্রীরাম নরেশ ঠাকুর ও তার মেয়ের স্বামী গৌরব কুমারের কাছে হস্তান্তর করা হয়।

হস্তান্তরের সময় ভারতীয় বিএসএফের কোম্পানী কমান্ডার এসি ভিওসি এইচ মাখেন এবং বিএসএফের কমান্ডেন্ট নাগা রঞ্জন, ডিআইবি সাধন কুমার মন্ডল ও কৌশিক বিশ্বাস,কাস্টমস সুপার রামওতার পি যাদব, কৃষ্ণগঞ্জ থানার এসআই তন্ময় দাস, গেদে ইমিগ্রেশন কর্মকর্তা জিসি দে ও রেডক্রসের প্রতিনিধি চিত্ত রঞ্জন দাস। এদেশের পক্ষে উপস্থিত ছিলেন দর্শনা আন্তর্জাতিক চেকপোস্টের ইনচার্জ সুবেদারের এনামুল কবির, কাস্টমস সুপার জাহিদ হাসান, দর্শনা ইমিগ্রেশন ইনচার্জ এসআই আতিকুর রহমান, দর্শনা থানার এসআই ফাহিম হাসান এ এস আই আঃ মমিন, ও জেলা কারাগারের কারারক্ষী মনিরুজ্জামান।

চুয়াডাঙ্গায় বিএনপি-জামায়াতের ৪৭ নেতা-কর্মী কারাগারে

চুয়াডাঙ্গায় নাশকতা মামলায় বিএনপি-জামায়াতের ৪৭ নেতা-কর্মীকে কারাগারে পাঠিয়েছেন আদালত। হাইকোর্ট থেকে নেওয়া আগাম জামিনের মেয়াদ শেষ হওয়ায় গতকাল বৃহস্পতিবার সকালে নিম্ন আদালতে হাজির হয়ে জামিন আবেদন করলে জেলা ও দায়রা জজ মো. জিয়া হায়দার তা নামঞ্জুর করে তাদের কারাগারে পাঠানোর আদেশ দেন। এসময় ৩ নেতা-কর্মীর জামিন দেন তিনি।

এদিকে, একে একে কারাগারে পাঠানোর আদেশ দিলে হাজিরা দিতে আসা প্রায় ৫৩ জন নেতা-কর্মী আদালত থেকে পালিয়ে যান।

বিএনপি দলীয় আইনজীবী অ্যাড. শাহাজাহান মুকুল জানান, নাশকতা মামলায় হাইকোর্ট থেকে ৬ সপ্তাহের আগাম জামিনে ছিলেন বিএনপির নেতা-কর্মীরা। আগামী রোববার (৩১ মার্চ) আগাম জামিনের মেয়াদ শেষ হবে। গতকাল বৃহস্পতিবার ১০৭ জন চুয়াডাঙ্গা জেলা জজ আদালতে হাজির হয়ে পুনরায় জামিন আবেদন করেন। এদের মধ্যে ৩ জনকে জামিন ও ৪৭ জনকে কারাগারে পাঠানোর আদেশ দেন জেলা ও দায়রা জজ মো. জিয়া হায়দার। এসময় আদালত থেকে ৫৩ জন নেতা-কর্মী হাজিরা না দিয়ে চলে যান। তিনি বলেন, তারা ন্যায়বিচার থেকে বঞ্চিত হয়েছেন।

এ বিষয়ে চুয়াডাঙ্গা জেলা বিএনপির সদস্যসচিব শরীফুজ্জামান শরীফ বলেন, বর্তমান ফ্যাসিস্ট সরকার বিচার বিভাগ, পুলিশ-প্রশাসনসহ সবকিছু হাতের মধ্যে নিয়ে নিয়েছে। মানুষের বিচার বিভাগের প্রতি যে আস্থা ছিল, সেটিও হারিয়ে যাচ্ছে। তিনি আরও বলেন, আমাদের নেতা- কর্মী প্রকৃত ন্যায়বিচার পাননি। আদালত ফরমায়েশিভাবে নেতা- কর্মীদের কারাগারে পাঠিয়েছেন।

জীবননগরে মহান স্বাধীনতা দিবস পালিত

জীবননগরে বিভিন্ন অনুষ্ঠান উদ্দিপনার মধ্যে দিয়ে ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস পালিত হয়েছে। মঙ্গলবার সকালে ৩১বার তোপধ্বনির মধ্যে দিয়ে শুরু হয় ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবসের শুভ সূচনা ।

পরে সকাল ৮টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস উপলক্ষে জীবননগর থানা পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস উপলক্ষে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহনের মাধ্যমে কুচকাওয়াজ ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাফিজুর রহমান।বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর পৌর সভার মেয়র মোঃ রফিকুল ইসলাম,জীবননগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি নজরুল ইসলাম,সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল,জীবননগর উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি গোলাম মোর্তুজা,জীবননগর উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান মোশারফ হোসেন,জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ইশা,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি)এস,এম জাবিদ হাসান প্রমুখ

আলমডাঙ্গায় কৃত্রিম প্রজনন কর্মীকে প্রতারণার অভিযোগে জরিমানা

আলমডাঙ্গা উপজেলা কৃত্রিম প্রজনন কর্মী ও পশু চিকিৎসকের বিরুদ্ধে অতিরিক্ত অর্থ আদায় এবং কাঙ্খিত বাচ্চা না পাওয়ার অভিযোগ উঠেছে।

গত ১৯ শে মার্চ এমন অভিযোগ তুলে চুয়াডাঙ্গা ভোক্তা অধিদপ্তরে অভিযোগ দিয়েছে আশাবুল হক নামের এক খামারি। ওই অভিযোগে কৃত্রিম প্রজনন কর্মী ও পশু চিকিৎসক আব্দুল মান্নানকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। আজ সোমবার দুপুরে চুয়াডাঙ্গা জেলা ভোক্তা অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ এ জরিমানা আদায় করেন।

অভিযোগ সূত্রে জানাযায়, উপজেলার আইলহাঁস ইউনিয়নের বেগুয়ারখালি গ্রামের বাসিন্দা আশাবুল হক। তিনি আমেরিকান ডেইরী লিমিটেড (এডিএল) এ.আই কার্ডধারী খামারি। তার খামারী ব্যবসার উপরে জিবিকা ও পরিবার নির্বাহ করেন। ২০২৩ সালের ২৩ মে স্থানীয় কৃত্রিম প্রজনন কর্মী আব্দুল মান্নানের মাধ্যমে একটি গাভী গরুকে ব্রাহামা সিমেন দেওয়ার কথা বলে তিন হাজার টাকা নেন। পরবর্তীতে গরুটি কনসিভ না করলে আবারো ওই চিকিৎসকে ডেকে আনি। তিনি দফায় দফায় কৃত্রিম প্রজননের নামে ৭ হাজার টাকা হাতিয়ে নেয়।

এছাড়া ব্রাহামা সিমেন দেবার কথা থাকলেও বাচ্চা প্রসবে দেখা যায় শাহিওয়াল ক্রস। লিখিত অভিযোগের ভিত্তিতে সোমবার দুপুরে চুয়াডাঙ্গা ভোক্তা অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ ১০ হাজার টাকা জরিমানা করেন এবং ভুক্তভোগী আশাবুল হককে জরিমানার ২৫% অর্থ দেওয়া হয়।

উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা আব্দুল্লাহীল কাফি জানান, কৃত্রিম প্রজননের নামে অতিরিক্ত অর্থ আদায় সহ প্রতারণার অভিযোগে ভোক্তা অধিদপ্তর তাকে জরিমানা করেছে।

দর্শনা পৌরসভায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতি সভা

দর্শনা পৌরসভায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত।

গতকাল রবিবার সকাল ১১ টার দিকে দর্শনা পৌরসভার আয়োজনে দর্শনা পৌরসভার হল রুমে অনুষ্টিত প্রস্তুতি সভার সভাপতিত্ব করেন, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু।

প্রস্ততি সভায় উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা এরশাদ আলী মাষ্টার, বীর মুক্তিযুদ্ধা সৈয়দ মজনুর রহমান, বীর মুক্তিযুদ্ধা আনোয়ার হোসেন, নাগরিক কমিটির আহবাহক গোলাম ফারুক আরিফ, দর্শনা ডি এস মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ শফিউদ্দিন, সমাজ সেবক জাহিদুল ইসলাম।

কাউন্সিলার সাবিবর হক মিকা উপস্থাপনায়, আরও আলোচনা করেন, দর্শনা রেল বাজার দোকান মালিক সমিতির সভাপতি টিপু সুলতান, দর্শনা গনউন্নয়ন গ্রন্থগারের পরিচালক আবু সুফিয়ান, পৃর্ব রামনগরের প্রধান শিক্ষক হারুন অর রশিদ, দর্শনা পৌরসভার কর্মকর্তা কর্মচারী বৃন্দু প্রমুখ।

দামুড়হুদায় হাতের তালুতে চিরকুট লিখে আত্ম*হ*ত্যা

আমি আমার স্বামীর কাছে চলে গেলাম। তাকে ছাড়া থাকতে পারছি না। আমার মেয়েকে দেখে রাখবে। দামুড়হদা উপজেলার ছাতিয়ানতলায় হাতের তালুতে চিরকুট লিখে স্বামীর আত্মহত্যার তিনদিন পর স্ত্রী আত্মহত্যা করেছে। আজ রবিবার ভোরে গলায় ফাঁস লাগিয়ে আত্মহত্যা করে।

জানা গেছে দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি ইউনিয়নের সদাবরী গ্রামের খোকনের ছেলে মিকাইল ভালোবেসে বিয়ে করে নাটুদা ইউনিয়নের ছাতিয়ানতলা গ্রামের রফিকুলের মেয়ে রুপসীর সাথে। বিয়ের পর তাদের সংসারে আসে একটি বাচ্চা। বিয়ের পর থেকেই মিকাইল ছাতিয়ানতলা গ্রামে ঘর জামাই হিসেবে বসবাস করে আসছে।

গত বৃহস্পতিবার সকাল সাড়ে ৯ টার দিকে ছাতিয়ানতলা গ্রাম থেকে খবর আসে মিকাইল বিষপান করেছে। মিকাইলের মৃত্যুর খবরে তার লাশ দেখে

পরিবারের সন্দেহে হয়। পরিবারের লোকজন দাবী তোলে তার স্ত্রী তাকে হত্যা করে আত্মহত্যার নাটক সাজিয়েছে। মিকাইলের ময়নাতদন্ত শেষে একদিন পর গত শুক্রবার দুপুরে দাফন সম্পন্ন করা হয়। স্বামীর মৃত্যুর তিনদিন পর স্ত্রী রুপসী নিজ ঘরে আজ রবিবার ভোরে গলায় ফাঁস লাগিয়ে আত্মহত্যা করে। রুপসীর আত্মহত্যার পর পরই এলাকা জুড়ে মিকাইলকে হত্যার করার বিষয়টি জোরালো হয়ে উঠেছে। তাদের দাবী মিকাইলকে হত্যার কারনে নিজে ফেঁসে যাবে এমনটা ভেবে রুপসী নিজেই আত্মহত্যার পথ বেঁচে নিয়েছে বলে ধারণা করছে গ্রামবাসী।

এ বিষয়ে জানতে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (তদন্ত) শেখ মাহবুব সাথে কথা বললে তিনি জানান, লাশ উদ্ধার করে সুরহত হাল শেষে পুলিশ ময়নাতদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসাপাতালে পাঠানো হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের মাসিক অপরাধ পর্যালোচনা সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলা পুলিশের মানসিক অবরোধ পর্যালোচনা ও সাম্প্রতিক বিষয়ে গুরুত্বপূর্ণ সভা অনুষ্ঠিত হয়েছে।

বাংলাদেশ পুলিশের অ্যাডিশনাল আইজি (ক্রাইম এন্ড অপস্) সভাপতিত্বে রবিবার সকাল এগারোটার সময় আইজিপি মিনি কনফারেন্স রুমে ফ্রেব্রুয়ারি মাসের অপরাধ পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের আয়োজনে পুলিশ সুপারের কার্যালয় সম্মেলনকক্ষ থেকে উক্ত ভিডিও কনফারেন্সে সংযুক্ত ছিলেন পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান, পিপিএম-সেবা। ভার্চুয়ালি মিটিংয়ে ফেব্রুয়ারি মাসের অপরাধ বিষয়ক পর্যালোচনা, সাজাপ্রাপ্ত গ্রেফতারি পরোয়ানা, মামলা তদন্ত বিচারের ফলাফল ও সাজার হার এবং সাম্প্রতিক গুরুত্বপূর্ণ ঘটনাসমূহ ও বিবিধ বিষয়ক গুরুত্বপূর্ণ আলোচনা হয়।

উক্ত কনফারেন্সে আরও উপস্থিত ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোঃ রিয়াজুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস্) নাজিম উদ্দীন আল আজাদ- পিপিএম সেবা, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান, সহকারি পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, আবু জিহাদ ফকরুল আলম খান, ডিআইও-১, ডিএসবি সকল থানার অফিসার ইনচার্জগণসহ জেলা পুলিশের বিভিন্ন পদমর্যাদার অফিসারবৃন্দ উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় জেলা গোয়েন্দা শাখার মাদকবিরোধী অভিযানে আটক ২

চুয়াডাঙ্গায় ১৫০ অ্য্যম্পুল নেশার ইঞ্জেকশনসহ দুই মাদক কারবারিকে আটক করা হয়েছে। আজ রবিবার চুয়াডাঙ্গা সদরের দৌলাৎদিয়াড় চুনুরিপাড়ায় জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) শাখা মাদকবিরোধী অভিযান চালিয়ে আটক করে।

জানাগেছে, বর্তমানে পুলিশের মাদকবিরোধী অভিযানের অংশহিসেবে জেলা গোয়েন্দা শাখার (ডিবি) ভারপ্রাপ্ত কর্মকর্তা ফেরদৌস ওয়াহিদ এর নেতৃত্বে এসআই ওহিদুল ইসলাম বিপিএম, এএসআই আবু আল-ইমরানসহ সঙ্গীয় ফোর্স নিয়ে মাদকবিরোধী অভিযান চালিয়ে দৌলতদিয়াড় চুনরিপাড়ায় নিজ বাড়ি থেকে খোকনকে (৫০) আচক করা হয়।

খোকন দৌলাৎদিয়ার চুনুরিপাড়ার মৃত বদর উদ্দিনের ছেলে।

পরে সদরের তালতলা প্রাইমারি স্কুল পাড়া শহিদুল ইসলামকে (৪০) আটক করা হয়। শহিদুল ইসলাম ওই গ্রামের মৃত আব্দুল বারেক আলীর ছেলে। সেসময় তার হেফজত থেকে ১৫০ পিস অ্যাম্পুল ইঞ্জেকশন উদ্ধার করা হয়। আটককৃত আসামীদের বিরুদ্ধে চুয়াডাঙ্গা সদর থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

আলমডাঙ্গা বণিক সমিতির কার্যালয়ে আইন শৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভা

আলমডাঙ্গা বণিক সমিতির কার্যালয়ে আসন্ন ঈদুল ফিতর ও পবিত্র মাহে রমজানকে সামনে রেখে আইন শৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভা অনুষ্টিত হয়েছে। আজ শনিবার সকাল সাড়ে ১০ টার দিকে এ মতবিনিময় সভায় অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন আলমডাঙ্গা বণিক সমিতির সভাপতি আরেফিন মিয়া মিলন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ শেখ গনি মিয়া।

প্রধান অতিথির বক্তব্যে শেখ গনি মিয়া বলেন, মুসলিম সম্প্রদায়ের সবচাইতে বড় ধর্মীয় উৎসব হলো ঈদুল ফিতর ও মাহে রমজান। এই উৎসবকে সামনে রেখে এক শ্রেণীর চোর চক্র ব্যবসায়িদের নানা ভাবে হয়রানি করে,তারা আইন শৃঙ্খলা পরিস্থিতি অবনতি ঘটাতে চেষ্টা চালিয়ে যাচ্ছে।আপনারা আমাদের সহায়তা করলে তাদের ধরতে আমরা বদ্ধ পরিকর।তবে সিসি ক্যামেরা গুলি সচল করে দিতে হবে,কারণ সিসি ক্যামেরা সচল থাকলে অপরাধীদের চিহ্নিত করতে সহায়ক হয়।

অনুষ্ঠানে অন্য বক্তাগণ বলেন, মাদক সেবীদের অত্যাচারে সমাজ অতিষ্ট হয়ে পড়েছে।মাদকের কারণে আইন শৃঙ্খলা পরিস্থিতি নাজুক হওয়ার সম্ভবনা রয়েছে।তাই মাদক বন্ধে ওসি সাহেবকে কার্যকর ভুমিকা রাখতে অনুরোধ করেন ব্যবসায়ীরা ।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসবে উপস্থিত ছিলেন বণিক সমিতির সাবেক সভাপতি হাজী রফিক মিয়া, মটর শ্রমিক ইউনিয়নের সভাপতি রিয়াজ উদ্দিন। বণিক সমিতির সাধারণ সম্পাদক খন্দকার আব্দুল্লাহ আল মামুনের উপস্থাপনায় আরও বক্তব্য রাখেন সহ-সভাপতি আব্দুল কুদ্দুস, হোটেল মালিক সমিতি সভাপতি আনোয়ার হোসেন, সভাপতি গার্মেন্টস মালিক সমিতি বাবলু মিয়া, সম্পাদক রিপণ মিয়া, মটর সাইকেল মেকানিক সমিতির সভাপতি রুহুল উদ্দিন, কাঠব্যবসায়ি সমিতির সভাপতি আসাদুল

হক ডিটো, সম্পাদক দেলোয়ার হোসেন, কাঁচা বাজার মালিক সমিতি সভাপতি ইমরুল কায়েস। বণিক সমিতির সহ-সভাপতি হাফিজুর রহমান, কোষাধ্যক্ষ আলাউদ্দিন আহমেদ, সাংগাঠনিক সম্পাদক আমিনুল ইসলাম বাবলু, সদস্য হামিদুল ইসলাম, জয়নাল ক্যাপ, তোতা মিয়া, রতন জমিদার, জসিম উদ্দিন, সিরাজুল ইসলাম প্রমুখ।

দর্শনায় ১৯৫ বোতল ফেনসিডিলসহ বাবা-ছেলে গ্রেফতার

চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ইউনিয়নের রাঙ্গিয়ারপোতা গ্রামে মাদক বিরোধী অভিযান চালিয়ে ১৯৫ বোতল ফেনসিডিলসহ রিপন মিয়া (২৯), রকিম মিয়াকে (৫০) গ্রেফতার করছে দর্শনা থানা পুলিশ।

জানাগেছে গতকাল শুক্রবার (২২ মার্চ) রাত সাড়ে ১২ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ ওসি বিপ্লব কুমার সাহার নেতৃত্বে, অভিযান চালায় রাঙ্গিয়ারপোতা গ্রামের উত্তর পাড়ায়। এ সময় দর্শনা থানার এস আই সোহেল রানা গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালায় রকিব মিয়ার বাড়িতে। এ সময় পুলিশ রকিব মিয়ার নিজ শুয়ার কক্ষে খাটের নিচ থেকে ১৫০ বোতল ও রিপনের ঘর থেকে ৪৫ বোতল ফেনসিডিল উদ্ধার করে। এ ফেনসিডিলের বাজার মূল্য অনুমান ৩ লক্ষ ৯০ হাজার টাকা।

এ ঘটনায় এস আই সোহেল বাদি মাদক আইনে বাপ ও ছেলের বিরুদ্ধে দায়ের করেছে মামলা।